



# কর্মসংস্থান ব্যাংক

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

“বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু”

## কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

সূত্র নং-কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-০৫(ব্য:ন:নি:প্র:-২৯)/২০১৮-২০১৯/২০২০

তারিখ : ২০.০১.২০১৯

## বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরীর আদেশ

কর্মসংস্থান ব্যাংক, চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ-এ কর্মরত নিরাপত্তা প্রহরী, জনাব মোঃ সাদিকুল ইসলাম (সভত নং-১২৭৩)-এর ৩১.১২.২০১৮ তারিখের আবেদন, সংশ্লিষ্ট শাখা ও আঞ্চলিক ব্যবস্থাপকের সুপারিশের প্রেক্ষিতে তাঁর অনুকূলে ২৩.০১.২০১৯ হতে ১১.০২.২০১৯ তারিখ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে ২০(বিশ) দিন (যাতায়াত সময়সহ) ভারত ভ্রমণের উদ্দেশ্যে নিম্নবর্ণিত শর্তাবলী পরিপালন সাপেক্ষে পূর্ণ গড় বেতনে বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হলো :

### বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির ক্ষেত্রে পালনীয় শর্তাবলী :

- বিদেশ ভ্রমণের যাবতীয় ব্যয় তিনি নিজস্ব উৎস হতে বহন করবেন। এতে ব্যাংকের বা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
- তাঁর অনুকূলে অনুমোদিত ভ্রমণকালকে বহিঃবাংলাদেশ ছুটি হিসেবে গণ্য করা হবে;
- সরকারের পূর্বানুমতি ব্যতীত তিনি অনুমোদিত মেয়াদকালের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না;
- ছুটিতে গমনের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ বিভাগকে অবহিত করতে হবে;
- বিদেশে বহির্গমন ও দেশে প্রত্যাবর্তনের তারিখ প্রমাণক হিসেবে পাসপোর্টের ফটোকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ বিভাগে দাখিল করতে হবে; এবং
- এ অনুমোদন আদেশ জারীর তারিখ হতে ০৩(তিন) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

অনুমোদনক্রমে-

জনাব মোঃ সাদিকুল ইসলাম (সভত নং-১২৭৩)

নিরাপত্তা প্রহরী

কর্মসংস্থান ব্যাংক

চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ।

সূত্র নং-কেবি/প্রকা/কব্যপ্রমাসবি-০৫(ব্য:ন:নি:প্র:-২৯)/২০১৮-২০১৯/২০২০(১২)

তারিখ : -- ঐ --

### সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন ও পরিচালন) মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- মহাপরিচালক, বহির্গমন ও পাসপোর্ট অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা;
- উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে এ পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
- উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয়, রাজশাহী;
- আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী;
- ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/ল্যান্ড কাস্টমস, বাংলাদেশ;
- ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ; তাঁকে জনাব মোঃ সাদিকুল ইসলাম (সভত নং-১২৭৩), নিরাপত্তা প্রহরী-এর বহিঃবাংলাদেশ অর্জিত ছুটি শেষে কর্মস্থলে যোগদানের পর যোগদানপত্র এবং পাসপোর্টের সত্যায়িত ফটোকপি এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো;
- ব্যক্তিগত নথি/মহানথি/এমআইএস।

(কাজী মোঃ হাবিবুর রহমান)  
সহকারী মহাব্যবস্থাপক